# দিনাজপুর সদর উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) কমিটির এপ্রিল/২০১৮ খ্রিঃ মাসের সভার কার্য বিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ ফিরুজুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দিনাজপুর সদর, দিনাজপুর। |
| তারিখ | ঃ ১২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ |
| সময় | ঃ সকাল-১০.০০ ঘটিকা। |
| স্হান | ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ। |

সভায় উপস্হিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ঃ

সভাপতি উপস্হিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর মার্চ/২০১৮ মাসের সভার কার্য বিবরণী সভায় পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ঃ দিনাজপুর সদর উপজেলায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে তন্মধ্যে কেবলমাত্র ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ক্লাশ কার্যক্রম চলছে। পরিদর্শন দৃষ্টে দেখা যায় অনেক শিক্ষা প্রতিষ্টানের ল্যাব কাগজ/কপড় দিয়ে মুরে রাখা হয়েছে। কোন কাজ বা ব্যবহার করা হচ্ছে না।

বর্তমানে দিনাজপুর সদর উপজেলার ১০টি ইউ.পি ডিজিটালসেন্টারসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য সহকারী প্রোগ্রামার, দিনাজপুর সদর, দিনাজপুরকে অনুরোধ করা হলো। সেই সঙ্গে ড্যাশবোর্ডে তথ্য আপলোড করার বিষয়েও নির্দেশনা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হলো।

ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে সেবার চার্ট তৈরী ও মূল্য সংযোজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিস্ট্রার খুলে সেবা প্রদানের বিষয়টি রেজিস্ট্রারে এন্ট্রি করতে ইউডিসি উদ্যোক্তাদের বলা হলো। ইউডিসিগুলোতে বিকাশ সংযোগ চালু ও প্রচারের জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তাদে জানানো হলো। অনেক ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে মালামাল অপরিস্কার ও অপরিচ্ছন্ন অবস্থায় পরে থাকে। এক্ষেত্রে ইউডিসি উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষনপূর্বক মালামাল যথাযথভাবে পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার জন্য বলা হলো। ৫ (পাঁচ) বছরের উন্নয়ন চিত্র প্রতিটি ডিজিটাল সেন্টারে থাকতে হবে। নিয়মিত ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ, মুক্তিযোদ্ধদের তথ্য আপলোড, হত-দরিদ্রদের তালিকা আপলোড, এলজিএসপি তালিকা আপলোড করার জন্য এবং জন্ম সনদের রেট নির্ধারণ করে জনসাধারণের সেবার মান উন্নয়নের জন্য বলা হলো।

ডিজিটাল উদ্ভাবনী মেলা/২০১৮ খ্রিঃ জেলা পর্যায়ে ১লা মার্চ, ২০১৮ হতে ৩মার্চ, ২০১৮ খ্রিঃ পর্যন্ত অংশগ্রহণ করে 'প্যাভিলিয়ন-২' ক্যাটাগরিতে দিনাজপুর সদর উপজেলা প্রশাসন প্রথম স্থান অর্জন করে। দিনাজপুর সদর উপজেলা প্রশাসনের এই গৌরবান্বিত অর্জন অব্যাহত রাখার জন্য অত্র উপজেলাধীন সকল অফিসসমূহ, শিক্ষা প্রতিষ্ঠান এবং ইউনিয়ন পরিষদসমূহকে জরুরী পদক্ষেপ গ্রহণসহ বিভিন্ন উদ্ভাবনীমূলক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক অত্রাফিসে দাখিলের জন্য বলা হলো। এছাড়া বিভাগীয় মেলায় অংশগ্রহণের নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগ সহ প্রস্তুত থাকার জন্য ইউনিয়ন পরিষদ উদ্যোক্তাসহ উপজেলাধীন সকল অফিসসমূহকে বলা হলো।

ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে অন্তর্ভূক্ত বিহীন ভূয়া জন্ম নিবন্ধন সনদ প্রদান রোধকল্পে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অসাধু ব্যক্তিদের ইউডিসি হতে বহিঃস্কার করা এবং ইউনিয়ন সচিবদেরকে পূঙ্খানুপূঙ্খুভাবে যাচাই বাছাইয়ান্তে জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ইউডিসি উদ্যোক্তাদেও চাহিদা অনুযায়ী বিভিন্ন মালামাল রিপিয়ার ও নতুন মালামাল ক্রয় বাবদ নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্ধারণসহ প্রকল্প বরাদ্দ প্রদান করার বিষয়ে আলোচনান্তে যাচাই বাছাইপুর্বক একান্ত গ্রহণযোগ্য ইউনিয়নে প্রকল্প বরাদ্দ দেয়া হয়।

সহকারী প্রোগ্রামারকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

## আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কর্তৃপক্ষ ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কতৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ইউডিসি পরিসদর্শন ও সেবা প্রদান | ডিজিটাল সেন্টার পরিদর্শন ও প্রতিবেদন সংক্রান্ত আলোচনা হয়। ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমূলক সেবা প্রদানে উদ্যোক্তাদেও আরও সচেষ্ট ও উদ্যোগী হওয়া প্রয়োজন। | ➢ নিয়মিত ইউডিসি পরিদর্শন করতে হবে।<br>➢ ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমূলক সেবা চালু করতে হবে।<br>➢ সেবার চার্ট প্রস্তত করতে হবে। | ❖ উপজেলা নির্বাহী অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টার উদ্যোক্তা। |
| ২. | 'সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প' এর আওতায় কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপন | তথ্য ও যোগযোগ প্রযুক্তি অধিদপ্তরের 'সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রষিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প' এর কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপনের কাজ শেষ হয়েছে। দিনাজপুর সদর উপজেলার ৬টি শিক্ষা প্রতিষ্ঠান এর আওতায় রয়েছে। | ➢ কম্পিউটার ও আইটি বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সহযোগীতা করতে হবে। | ❖ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ৩. | ইউডিসি উদ্যোক্তাদের মনিটরিং টুলে প্রতিবেদন আপলোড | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মনিটরিং টুলে যে সব উদ্যোক্তা নিয়মিত আপলোড কওে তাদেও ধন্যবাদ জানানো হয়। (ইউডিসি মনিটরিং টুলের গতমাসের প্রতিবেদন ছক- 'ক' দ্রষ্টব্য) | ➢ সহকারী প্রোগ্রামার ইউনিয়ন ডিজিটাল সেন্টাওে নিয়মিত তথ্য আপলোড হচ্ছে কিনা তা তদারিক করবেন। | ❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট ইউডিসি উদ্যোক্তা |
| ৪. | ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি | ডশক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের দ্বারা ডিজিটাল কনটেন্ট তৈরী কওে আধুনিক শিক্ষা কার্যক্রমকে অগ্রসর করার লক্ষ্যে মাল্টিমিডিয়া ক্লাশরুম মনিটরিং (http://mmc.e-service.gov.bd) এর জন্য নিয়মিত তদারিক করার বিষয়ে আলোচনা করা হয়। | ➢ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি নিয়মিত তদারিক করবেন এবং পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। | ❖ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার |
| ৫. | ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ | উপজেলা ওয়েব পোর্টাল ও ওয়েব পোর্টালে সংযুক্ত অফিসসমূহের তথ্য হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করা হয়। | ➢ উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস সমূহ তাদের নিজ দায়িত্বে তথ্য সমূহ হালনাগদ করবে। সহকারী প্রোগ্রামর হালনাগাদকরণে সহযোগীতা করবেন। | ❖ উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস প্রধান<br>❖ সহকারী প্রোগ্রামার। |

2

# উদ্যোক্তার কার্যক্রম পর্যবেক্ষণ প্রতিবেদন

শুরুর তারিখ : ২০১৮-০৩-০১

শেষ তারিখ : ২০১৮-০৩-৩১

| জেলা | উপজেলা | সেন্টার | উদ্যোক্তার নাম | মোট আয় | মোট সেবা |
|---|---|---|---|---|---|
| দিনাজপুর | দিনাজপুর সদর | আউলিয়াপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আলমগীর হোসেন | ২২০ | ৭ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | আস্করপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আরিফুল ইসলাম | ৫৭০ | ৩ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | উথরাইল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আবু সাঈদ চৌধুরী | ১০২৩৫ | ১৭৬ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | ফাজিলপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আরাফাত হোসেন | ৩৫৫০ | ৪৫ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | শেখপুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: শামীম ইসলাম | ১৫৩৯৫ | ১৭৮ |

০১। যারা শতভাগ আয়ের তথ্য আপলোড করেনি তাদেরকে বিনা ব্যর্থতায় আগামী মাস হতে শতভাগ তথ্য আলোড করার জন্য অনুরোধ করা হলো।

০২। ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করার জন্য বলা হলো।

০৩। আয়ের বিভিন্ন ক্ষেত্র তৈরী করার জন্য বলা হলো।

০৪। ইনোভেশন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করার জন্য বলা হলো।

০৫। ইউনিয়নের সকল প্রকার উন্নয়নের চিত্র ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা হলো।

০৬। সকল নোটিশ ও রেজুলেশন ওয়েব পোর্টালে আপলোডের জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৪/১৮

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।

১৮/০৪/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭৬৪.০০০.১১.০০৫.১৮.৭৭৩(৯০) তারিখ ঃ ১৮—এপ্রিল, ২০১৮ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ঃ</u>

১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৩ ও উপদেষ্টা, উপজেলা তথ্য ও প্রযুক্তি (আইসিটি) কমিটি, দিনাজপুর সদর, দিনাজপুর।

২। জেলা প্রশাসক, দিনাজপুর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), দিনাজপুর।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

৫। উপজেলা ........................................................ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর

৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ................................................ কলেজ/উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর।

৭। জনাব/বেগম ........................................................... দিনাজপুর সদর, দিনাজপুর।

৮। জনাব/বেগম ....................................... ও উদ্যোক্তা .........নং ........................... ইউ.পি, সদর, দিনাজপুর।

৯। অফিস কপি।

১৮/০৪/১৮

উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

১৮/০৪/১৮

## পরিশিষ্ট 'ক'

| সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ | | স্বাক্ষরিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ২। | উপজেলা প্রোকৌশলী, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৩। | উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৪। | উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৫। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৬। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৭। | উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ৮। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৯। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১০। | উপজেলা খাদ্য পরিদর্শক, দিনাজপুর সদর দিনাজপুর। | ,, |
| ১১। | ইন্সট্রাক্টর, ইউ.আর.সি, রাজবাটী, দিনাজপুর | ,, |
| ১২। | চেয়ারম্যান, ১নং চেহেলগাজী ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৩। | চেয়ারম্যান, ২নং সুন্দরবন ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৪। | চেয়ারম্যান, ৩নং ফাজিলপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৫। | চেয়ারম্যান, ৪নং শেখপুরা ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৬। | চেয়ারম্যান, ৫নং শশরা ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৭। | চেয়ারম্যান, ৬নং আউলিয়াপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৮। | চেয়ারম্যান, ৭নং উথরাইল ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ১৯। | চেয়ারম্যান, ৯নং আস্করপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর | ,, |
| ২০। | মোঃ নাহিদ হাসান, উদ্যোক্তা, ১নং চেহেলগাজী ইউ.পি, সদর, দিনাজপুর | ,, |
| ২১। | মোছাঃ রেশমা খাতুন, উদ্যোক্তা, ১নং চেহেলগাজী ইউ.পি, সদর, দিনাজপুর | ,, |
| ২২। | সঞ্জিব রায়, উদ্যোক্তা, ২নং সুন্দরবন ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৩। | মোছাঃ সাবিনা খাতুন, উদ্যোক্তা, ৪নং শেখপুরা ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৪। | মোঃ শামীম ইসলাম, উদ্যোক্তা, ৪নং শেখপুরা ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৫। | মোছাঃ রওশন আরা, উদ্যোক্তা, ৫নং শশরা ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৬। | মোঃ আবু সাইদ চৌধুরী, উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৭। | মোছাঃ শামীমা বানু লিজা, উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৮। | মোঃ শরিফুল ইসলাম, উদ্যোক্তা, ৮নং শংকরপুর ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ২৯। | ইফতিয়ারা পারভীন, উদ্যোক্তা, ৮নং শংকরপুর ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ৩০। | মোঃ আরিফুল ইসলাম, উদ্যোক্তা, ৯নং আস্করপুর ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ৩১। | মোছাঃ আরজিনা বেগম, উদ্যোক্তা, ৯নং আস্করপুর ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |
| ৩২। | মোছাঃ কুলছুমা আকতার, উদ্যোক্তা, ১০ নং কমলপুর ইউ.পি, সদর, দিনাজপুর। | ,, |